

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৬৪৪

১/ বিবিধ

আরবী

حامل كتاب الله له في بيت مال المسلمين في كل سنة مائتا دينار، فإن مات وعليه
دين قضى الله ذلك الدين
موضوع

رواه الديلمي عن العباس بن الضحاک: حدثنا محمد بن أحمد بن عبد الله الهروي عن
مقاتل بن سليمان عن خولة الطائي عن سليك الغطفاني مرفوعا
أورده السيوطي في " اللآلي " شاهدا للحديث الآتي عقبه وقال: " العباس بن الضحاک،
دجال، ومقاتل بن سليمان قال وكيع وغيره: كذاب ". قلت: فما فائدة إيراده إذن؟
وكيف استجاز ذكره إياه في " الجامع الصغير " أيضا؟! ومن عجائبه أنه لم يورده فيه
بتمامه بل بشطره الأول فقط! ولعله إنما ذكره فيه من أجل أن له شاهدا، أورده ابن
الجوزي في " الموضوعات " لكن لا يخفى أن الموضوع لا يقوى بطرقه مهما كثرت،
وهذا شيء نبه عليه السيوطي نفسه في " تدریب الراوي " وغيره. والشاهد المذكور
هو: " من قرأ القرآن فله مائتا دينار، فإن لم يعطها في الدنيا أعطى في الآخرة

বাংলা

৬৪৪। আল্লাহর কিতাবকে বহনকারীর জন্য মুসলিমদের বাইতুল মাল হতে প্রতি বছর দু'শত দীনার করে বরাদ্দ রয়েছে। তার উপর ঋণ থাকা অবস্থায় যদি সে মৃত্যু বরণ করে তাহলে আল্লাহই তার ঋণ পরিশোধ করবেন।

হাদীছটি জাল।

এটি দাইলামী আব্বাস ইবনুয যাহহাক হতে তিনি মুহাম্মাদ ইবনু আহমাদ ইবনে আদ্দিল্লাহ আল-হারাবী হতে তিনি মুকাতিল ইবনু সুলায়মান হতে ... বর্ণনা করেছেন।

হাদিসটি সুযূতী "আল-লা'আলী" গ্রন্থে আগত হাদিসটির শাহেদ হিসাবে বর্ণনা করে বলেছেনঃ আব্বাস দাজ্জাল। মুকাতিল ইবনু সুলায়মান সম্পর্কে ওয়াকী ও অন্য বিদ্বানগণ বলেছেনঃ তিনি মিথ্যুক।

আমি (আলবানী) বলছিঃ তাহলে উল্লেখ করার উপকারিতা কী? আর কেনই বা তিনি "আল-জামেউস সাগীর" গ্রন্থে উল্লেখ করলেন? আশ্চর্যের ব্যাপার এই যে, তিনি শুধু হাদীছটির প্রথম অংশটি উল্লেখ করেছেন।

ইবনুল জাওয়ী হাদীছটি "আল-মাওয়ুআত" গ্রন্থে উল্লেখ করেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71523>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন